



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd



স্মারক নং : পনি/প্রশ্নব্যাংক-০২/৬৫৪

তারিখ : ০১-০৬-২০২২ খ্রি.

অর্ধ-বার্ষিক ও প্রাক-নির্বাচনি পরীক্ষা গ্রহণ-সংক্রান্ত নির্দেশাবলি :

২০২২ সালের ষষ্ঠ, সপ্তম, অষ্টম, নবম শ্রেণির অর্ধ-বার্ষিক ও দশম শ্রেণির প্রাক-নির্বাচনি পরীক্ষা পূর্বঘোষিত সময়সূচি অনুযায়ী যশোর শিক্ষা বোর্ডের প্রশ্নব্যাংক থেকে অনলাইনে প্রশ্নপত্র সরবরাহ করে গ্রহণ করা হবে।

পরীক্ষা গ্রহণের লক্ষ্যে নিম্নবর্ণিত নির্দেশাবলি:

- ১। পরীক্ষা শুরুর ৩০ (ত্রিশ) মিনিট পূর্বে অবশ্যই পরীক্ষা কক্ষে পরীক্ষার্থীদের আসন নিশ্চিত করতে হবে এবং দায়িত্বপ্রাপ্ত শিক্ষকগণ যথাসময়ে পরীক্ষাকক্ষে উপস্থিত থাকবেন।
- ২। প্রতিদিনের প্রশ্নপত্র ডাউনলোডের সময় যশোর বোর্ডের ওয়েব সাইটের নিউজবারে দেয়া হবে।
- ৩। প্রশ্নব্যাংক কর্তৃক সরবরাহকৃত প্রশ্নপত্রে পরীক্ষা গ্রহণ করতে হবে।
- ৪। প্রথমে সৃজনশীল ও পরে বহুনির্বাচনি পরীক্ষা অনুষ্ঠিত হবে এবং উভয় পরীক্ষার মধ্যে কোনো বিরতি থাকবে না।
- ৫। প্রশ্নপত্রে উল্লিখিত সময় অনুযায়ী পরীক্ষা গ্রহণ করতে হবে।
- ৬। প্রশ্নব্যাংক কর্তৃক সরবরাহকৃত প্রশ্নপত্রের নিরাপত্তা প্রতিষ্ঠান প্রধানই নিশ্চিত করবেন।
- ৭। নিম্নমাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানগুলি তাঁর কেন্দ্র প্রতিষ্ঠান হতে প্রশ্নপত্র সংগ্রহ করবেন।
- ৮। পরীক্ষা গ্রহণ প্রক্রিয়া সুষ্ঠুভাবে সম্পাদন করার লক্ষ্যে বোর্ড কর্মকর্তা ও শিক্ষা কর্মকর্তাগণ প্রতিষ্ঠান পরিদর্শন করবেন।

বি: দ্র: প্রশ্নপত্র Download-এ সমস্যা হলে ০১৭৩৩-২২২০০৩, ০১৭১৬-৭৮৭৭৮৭, ০১৭১১-৯৮৮১১২ ও ০১৯১১-৪৬০৩১৩ মোবাইল নম্বরে যোগাযোগ করার জন্য বলা হলো।

প্রধান শিক্ষক/অধ্যক্ষ
এ বোর্ডের অধীন সকল নিম্নমাধ্যমিক/মাধ্যমিক/
উচ্চ মাধ্যমিক বিদ্যালয়

(প্রফেসর মাধব চন্দ্র রুদ্র)

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

যশোর

ফোন : ০২৪৭৭৬২৭১৪